সৃজনশীল বাংলাদেশ

জেলা শিল্পকলা একাডেমি
গোপালগঞ্জ

জেলা শিল্পকলা একাডেমির মিলনায়তন/কনফারেন্স রুম বরাদ্দের আবেদন ফরম

১. আবেদনকারী প্রতিষ্ঠান/ সংগঠনের নাম :

২. ঠিকানা :

৩. টেলিফোন/মোবাইল নম্বর :

৪. প্রতিষ্ঠান/সংগঠন প্রধানের নাম, পদবী, ঠিকানা ও মোবাইল নম্বর :

৫. পরিবেশিতব্য অনুষ্ঠান :

৬. অনুষ্ঠানের ব্যাপ্তি :

৭. অনুষ্ঠান পরিবেশনের তারিখ :

৮. শিফ্ট : **প্রথম শিফ্ট : সকাল ১০টা হতে ২টা পর্যন্ত।** **দ্বিতীয় শিফ্ট : বিকাল ৪টা হতে রাত ৮টা**

জেলা কালচারাল অফিসার
জেলা শিল্পকলা একাডেমি
গোপালগঞ্জ

জেলা শিল্পকলা একাডেমি গোপালগঞ্জের মিলনায়তন/সম্মেলন কক্ষ আমাদের অনুষ্ঠান করার জন্য সংশ্লিষ্ট আবেদন ফরম যথাযথভাবে পূরণ করে জমা দেয়া হলো। মিলনায়তন বরাদ্দ নীতিমালার আলোকে এ মর্মে অঙ্গীকার করছি যে, আবেদন পত্রে উল্লিখিত সকল বিষয় ও তথ্য সম্পূর্ণ সত্য। উপস্থাপিত বিষয় ও তথ্য ছাড়া অন্য কোন বিষয় বা তথ্য জেলা শিল্পকলা একাডেমি, গোপালগঞ্জ জানতে চাইলে তা জানাতে এবং মিলনায়তন ব্যবহারের সকল শর্ত মানতে বাধ্য থাকবো।

আবেদন ফরমে প্রদত্ত তথ্যের আলোকে উক্ত মিলনায়তন/সম্মেলন কক্ষ আমাদের প্রতিষ্ঠানের অনুকূলে বরাদ্দ প্রদানের জন্য অনুরোধ জানাচ্ছি।

প্রতিষ্ঠান/সংগঠন প্রধান/পক্ষে স্বাক্ষর :

নাম :

পদবী :

মোবাইল নম্বর :

তারিখ :

সৃজনশীল বাংলাদেশ

জেলা শিল্পকলা একাডেমি

গোপালগঞ্জ

আমি এই মর্মে অঙ্গীকার করছি যে, জেলা শিল্পকলা একাডেমির শেখ ফজলুল হক মনি স্মৃতি মিলনায়তন/সম্মেলন কক্ষ ভাড়ার জন্য নিম্নোক্ত শর্তসমূহ মেনে চলিবঃ

১। সঞ্চয়ী হিসাব **'জেলা শিল্পকলা একাডেমি, গোপালগঞ্জ,'** হিসাব নং- **৬১০৭৭৩৪০০৯২৬২**, সোনালী ব্যাংক লিমিটেড, ডি.সি. কমপ্লেক্স শাখা, গোপালগঞ্জে নির্ধারিত ভাড়ার টাকার জমা দিতে হবে;

২। মুক্তিযুদ্ধের চেতনা পরিপন্থী, ধর্মীয় অনুভূতিতে আঘাত, অপসংস্কৃতিদুষ্ট এবং নিম্নমানের কোন পরিবেশন করা যাবেনা;

৩। লভ্য সুবিধাদির মধ্যে শীতাতপ নিয়ন্ত্রণ ব্যবস্থা, আলোক ও শব্দ ব্যবস্থা, পর্দা সামগ্রী ও অগ্নিনির্বাপণ ব্যবস্থাসহ কারিগরী সকল বিষয়াদি হল ব্যবহারকারী সংগঠনের চাহিদা অনুসারে একাডেমির সংশ্লিষ্ট জনবলের তত্ত্বাবধানে নিয়ন্ত্রিত ও পরিচালিত হবে এবং মিলনায়তন ব্যবহারকারী সংগঠনকে মিলনায়তনে স্থাপিত শব্দ ও আলোক সরঞ্জমাদির যথাযথ ব্যবহার করেই তাঁদের নাটক বা অনুষ্ঠান পরিবেশন করতে হবে। যদি জেলা শিল্পকলা একাডেমির শব্দ ও আলোক সরঞ্জমাদি যথেষ্ট পরিমাণ না থাকে তাহলে কালচারাল অফিসারের লিখিত অনুমতিক্রমে বাইরে থেকে ভাড়া করে এনে মিলনায়তনে ব্যবহার করা যাবে;

৪। মিলনায়তন বরাদ্দের জন্য নির্ধারিত তারিখ হতে কমপক্ষে ১০ (দশ) দিন পূর্বে আবেদন করতে হবে এবং বরাদ্দপ্রাপ্ত সংগঠনকে মিলনায়তন ব্যবহারের কমপক্ষে এক সপ্তাহ পূর্বে অনুষ্ঠানের ধরণ ও প্রয়োজনীয় কারিগরী চাহিদা সম্পর্কে কালচারাল অফিসারকে লিখিতভাবে অবহিত করতে হবে;

৫। একাডেমির নিয়ন্ত্রণ বর্হিভূত কারণে বিদ্যুৎ বিভ্রাট, শীতাতপ নিয়ন্ত্রণ ব্যবস্থা বা আলোক ও শব্দ ব্যবস্থার কোন সমস্যা দেখা দিলে একাডেমি কর্তৃপক্ষ দায়ী থাকবে না;

৬। মিলনায়তন বরাদ্দপ্রাপ্ত সংগঠনকে অনুষ্ঠান শেষ হবার সাথে সাথেই প্রযোজনার প্রয়োজনে সঙ্গে আনা সেট ও প্রপ্‌সসহ সকল মালামাল মিলনায়তন থেকে সরিয়ে নিয়ে যেতে হবে। কোন অবস্থাতেই এই সব দ্রব্যাদি হলের ভিতর বা একাডেমির কোন স্থানে সংরক্ষণ করা যাবে না;

৭। মিলনায়তন ব্যবহারকারী সংগঠন কর্তৃক পরিবেশিত অনুষ্ঠান যদি অসামাজিক, অশালীন কিংবা আপত্তিকর বা উত্তেজনাকর বলে একাডেমির নিকট বিবেচিত হয়, তাহলে একাডেমি কর্তৃপক্ষ যে কোন সময় তাৎক্ষণিকভাবে অনুষ্ঠান বাতিল করতে পারবে এবং এরূপ ক্ষেত্রে প্রয়োজনে মিলনায়তন ব্যবহারকারী সংগঠনের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে এবং ভবিষ্যতে উক্ত সংগঠন এই মিলনায়তন ব্যবহারের অযোগ্য বলে বিবেচিত হবে;

৮। মিলনায়তন ব্যবহারকারী সংগঠন কর্তৃক জেলা শিল্পকলা একাডেমি মিলনায়তন ব্যবহারকালে কোন কিছু বা কোন অংশের ক্ষতিসাধিত হলে ভাড়াগ্রহীতা ৭ (সাত) দিনের মধ্যে ক্ষতিপূরণ করতে বাধ্য থাকবে। অন্যথায় সংশ্লিষ্ট সংগঠনের বিরুদ্ধে একাডেমি কর্তৃপক্ষ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে পারবে;

৯। মিলনায়তন ব্যবহারের ক্ষেত্রে কোন সংগঠন কর্তৃক অশোভন বা অসহিষ্ণু মনোভবের প্রকাশ ঘটালে পরবর্তীকালে উক্ত সংগঠনের অনুকূলে মিলনায়তন বরাদ্দ বিরত রাখা হবে;

১০। মিলনায়তন বরাদ্দ নিয়ে কোন অবস্থাতেই সেখানে কোন প্রকার স্কুল, বিশেষ কোর্স কিংবা সাংগঠনিক কর্মকান্ড পরিচালনা করা যাবে না;

১১। এক ব্যক্তি/সংগঠনের নামে বরাদ্দকৃত মিলনায়তন অন্যকোন ব্যক্তি/সংগঠন ব্যবহার করতে পারবে না;

১২। পরিস্কার-পরিচ্ছন্নতা বাবদ ১,৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা জামানত মিলনায়তন কর্তৃপক্ষের নিকট জমা করতে হবে। নির্দিষ্ট সময়ের মধ্যে মিলনায়তন পরিস্কার-পরিচ্ছন্ন করতে ব্যর্থ হলে মিলনায়তন কর্তৃপক্ষ জামানতের টাকা দিয়ে মিলনায়তন পরিস্কার করবে;

১৩। বরাদ্দ বাতিল করতে হলে বরাদ্দের নির্ধারিত তারিখের ০৫ (পাঁচ) দিন পূর্বে কর্তৃপক্ষকে লিখিতভাবে জানাতে হবে এবং বরাদ্দ বাতিল করা হলে মোট ভাড়া হতে ১০% (দশ) শতাংশ টাকা কর্তন করা হবে এবং বরাদ্দের তারিখ পরিবর্তন করতে হলে ৭ (সাত) দিন পূর্বে কর্তৃপক্ষকে লিখিতভাবে জানাতে হবে;

১৪। হলরুম, কনফারেন্স রুম অথবা মহড়া কক্ষে কোন প্রকার খাবার নিয়ে প্রবেশ করা যাবে না। মিলনায়তনে মাদকদ্রব্য সেবন ও মদ্যপান সম্পূর্ণ নিষিদ্ধ এবং মিলনায়তনে কোন প্রকার দাহ্য পদার্থের ব্যবহার সম্পূর্ণভাবে নিষিদ্ধ;

১৫। অনিবার্য কারনবশত কর্তৃপক্ষ যে কোন পরিস্থিতিতে বরাদ্দ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

আমি উপরোক্ত শর্তসমূহ পড়িয়া বুঝিয়া স্বজ্ঞানে নিজ নাম স্বাক্ষর করিলাম।

তারিখ :

আবেদনকারীর স্বাক্ষর

সৃজনশীল বাংলাদেশ

জেলা শিল্পকলা একাডেমি, গোপালগঞ্জ

শেখ ফজলুল হক মনি স্মৃতি মিলনায়তনের মূল হল রুম (অডিটোরিয়াম) এবং কনফারেন্স রুম বরাদ্দপ্রাপ্তিতে প্রয়োজনীয় তথ্য ও খরচ

ক্রমিক	**কক্ষের ধরন ও সুবিধাদি**	**খরচের খাতসমূহ**			**শিফট**
		নির্ধারিত ভাড়া (টাকা/ শিফট) **(ব্যাংকে প্রদেয়)**	**আনুষঙ্গিক খরচ** (টাকা/ শিফট) **(অফিসে প্রদেয়)**	**জেনারেটর** (জ্বালানি/ ঘণ্টা) **(প্রযোজ্য ক্ষেত্রে)**	
১.	• **মূল হল রুম (অডিটোরিয়াম)** ✓ ৭৫০ আসনবিশিষ্ট ✓ শীতাতপ নিয়ন্ত্রণ ✓ সাউন্ড সিস্টেম ✓ লাইটিং * (ব্যানারের মাপ: ২৫ ফুট × ১০ ফুট)	২৫,০০০/-	১,৫০০/- (পরিষ্কার-পরিচ্ছন্নতা বাবদ)	১৫ লিটার ডিজেল (প্রতি ঘণ্টায়)	**শিফট-১:** সকাল ১০টা - দুপুর ২টা **শিফট-২:** বিকাল ৪টা - রাত ৮টা
২.	• **কনফারেন্স রুম (সম্মেলন কক্ষ)** ✓ ধারণক্ষমতা: ± ২০০ জন ✓ শীতাতপ নিয়ন্ত্রণ ✓ সাউন্ড সিস্টেম ✓ লাইটিং * (ব্যানারের মাপ: ১০ ফুট × ৪ ফুট)	৮,০০০/-	১,৫০০/- (পরিষ্কার-পরিচ্ছন্নতা বাবদ)	×	**শিফট-১:** সকাল ১০টা - দুপুর ২টা **শিফট-২:** বিকাল ৪টা - রাত ৮টা

২৪.০১.২৬

ফারহান কবীর সিফাত
জেলা কালচারাল অফিসার
গোপালগঞ্জ

শেখ ফজলুল হক মনি স্মৃতি মিলনায়তন মঞ্চের মাপ

(Measurement of the Stage of the Sheikh Fazlul Haque Moni Memorial Auditorium)



সৃজনশীল বাংলাদেশ

জেলা শিল্পকলা একাডেমি, গোপালগঞ্জ